

## মুদারাবা স্টুডেন্ট (মাইনর) সেভিংস এ্যাকাউন্ট

০১. সর্বনিম্ন টাকা ১০০/- বা তার অধিক অংকের অর্থ জমা করে এই হিসাব খোলা যায়।
০২. ১৮ বছরের কম বয়সী ছাত্র/ছাত্রীরা জন্ম নিবন্ধন সার্টিফিকেট/পাসপোর্ট/শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বা আইডি কার্ড বা প্রত্যয়নপত্রের মাধ্যমে এ হিসাব খুলতে পারবে।
০৩. দৈনিক স্থিতির ভিত্তিতে এ হিসাবে মুনাফা প্রদান করা হবে এবং বছরে দুইবার (জুন এবং ডিসেম্বর মাসে) সাময়িক (Provisional) হারে মুনাফা প্রদান করা হয়।
০৪. এ হিসাব হতে প্রতি সপ্তাহে সর্বোচ্চ ২,০০০.০০ (দুই হাজার) টাকা উত্তোলন করা যায়।
০৫. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত চেক/ATM এর মাধ্যমে টাকা তোলা যাবে।
০৬. এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/হিসাব পরিচালনা চার্জ/Account Maintenance Fee আদায় করা হয় না।

## মুদারাবা পোশাক শ্রমিক সঞ্চয়ী হিসাব

১. যে কোন পোশাক শিল্প শ্রমিক ন্যূনতম ১০০.০০ (একশত) টাকা জমা প্রদান এবং সংশ্লিষ্ট নিয়মাবলী পরিপালন সাপেক্ষে এ হিসাব খুলতে পারবেন।
২. পোশাক শিল্প শ্রমিক যে প্রতিষ্ঠানে কর্মরত সে প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড এবং জাতীয় পরিচয় পত্র এর সত্যায়িত ফটোকপিসহ হিসাবধারীর ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙীন ছবি (পরিচয়দানকারী কর্তৃক সত্যায়িত) এবং নমিনী এর এক কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত) হিসাব খোলার সময় জমা দিতে হবে।
৩. এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি, চেক বই ইস্যু চার্জ বা অন্য কোন প্রকার চার্জ আদায় করা হয় না।
৪. এ হিসাবে মুনাফা প্রদানের জন্য ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই। এ হিসাবে বৈদেশিক মুদ্রা প্রেরণ করা যাবে।
৫. সংশ্লিষ্ট হিসাবে বছরে দুইবার (জুন এবং ডিসেম্বর মাসে) সাময়িক (Provisional) হারে মুনাফা প্রদান করা হয়, যা বার্ষিক চূড়ান্ত লাভ/লোকসান হিসাবের ভিত্তিতে সমন্বয়/নিষ্পন্ন করা হয়।
৬. মাসের যে কোন তারিখে লেনদেন চলাকালীন সময়ে টাকা জমা করা যায়। তবে মাসের ০৬ তারিখ হতে শেষ তারিখের মধ্যে সংরক্ষিত সর্বনিম্ন স্থিতি লাভ প্রদানের নিমিত্তে সে মাসের জমা হিসাবে বিবেচিত হবে। সর্বাধিক সপ্তাহে দু'বার, মাসে চার বার এবং প্রতিবারে জমা স্থিতির ১/৪ অংশ অথবা ৫০,০০০.০০ টাকার মধ্যে যা কম সে পরিমাণ বিনা নোটিশে উত্তোলন করা যায়। উল্লেখিত পরিমানের চেয়ে বেশী টাকা উত্তোলন করতে চাইলে সাত দিন পূর্বে নোটিশ প্রদান করতে হয়।

## মুদারাবা কৃষক সঞ্চয়ী হিসাব

১. কোন টাকা জমা ছাড়াই এ হিসাব খোলা যাবে এবং ব্যাংক কর্তৃক হিসাব খোলা এবং পরিচালনা সংক্রান্ত ব্যয় নির্বাহ করা হবে।
২. জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কার্ড/পাসপোর্ট/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত কৃষি উপকরণ সহায়তা কার্ড সহ হিসাবধারীর ০২ কপি (পরিচয়দানকারী কর্তৃক সত্যায়িত) এবং নমিনী এর এক কপি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙীন ছবি হিসাব খোলার সময় জমা দিতে হবে।
৩. এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি আদায় করা হয় না।
৪. এ হিসাবে মুনাফা প্রদানের জন্য ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই। দৈনিক স্থিতির ভিত্তিতে এ হিসাবে মুনাফা প্রদান করা হয়।
৫. এ ধরনের হিসাবে বৈদেশিক মুদ্রা প্রেরণ করা যাবে এবং গ্রাহক চাইলে বিদেশ থেকে প্রেরিত অর্থ চেকের মাধ্যমে উত্তোলন করতে পারবেন।
৬. সংশ্লিষ্ট হিসাবে বছরে দুইবার (জুন এবং ডিসেম্বর মাসে) সাময়িক (Provisional) হারে মুনাফা প্রদান করা হয়, যা বার্ষিক চূড়ান্ত লাভ/লোকসান হিসাবের ভিত্তিতে সমন্বয়/নিষ্পন্ন করা হয়। উক্ত হিসাব হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট, কর বা শুল্ক কর্তন করা হয়।

## মুদারাবা মুক্তিযোদ্ধা সঞ্চয়ী হিসাব

১. যে কোন বাংলাদেশী মুক্তিযোদ্ধার নামে সংশ্লিষ্ট নিয়মাবলী পরিপালন সাপেক্ষে এ হিসাব খোলা যাবে। কোন টাকা জমা ছাড়াই এ হিসাব খোলা যাবে এবং ব্যাংক কর্তৃক হিসাব খোলা এবং পরিচালনা সংক্রান্ত ব্যয় নির্বাহ করা হবে।
২. জাতীয় পরিচয় পত্র ও 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধ বহি' এর সত্যায়িত ফটোকপি সহ হিসাবধারীর ০২ কপি (পরিচয়দানকারী কর্তৃক সত্যায়িত) এবং নমিনী এর এক কপি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙীন ছবি হিসাব খোলার সময় জমা দিতে হবে।
৩. এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি আদায় করা হয় না।
৪. এ হিসাবে মুনাফা প্রদানের জন্য ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই। দৈনিক স্থিতির ভিত্তিতে এ হিসাবে মুনাফা প্রদান করা হয়।

৫. এ ধরনের হিসাবে বৈদেশিক মুদ্রা প্রেরণ করা যাবে এবং গ্রাহক চাইলে বিদেশ থেকে প্রেরিত অর্থ চেকের মাধ্যমে উত্তোলন করতে পারবেন।
৬. বছরে দুইবার (জুন এবং ডিসেম্বর মাসে) সাময়িক (Provisional) হারে মুনাফা প্রদান করা হয়।
৭. উক্ত হিসাব হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট, কর বা শুল্ক কর্তন করা হয়।

#### মুদারাবা পথশিশু সঞ্চয়ী হিসাব

১. ব্যাংক ও এনজিওর মধ্যে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে একাউন্ট খুলতে হবে।
২. সর্বনিম্ন টাকা ১০/- বা তার অধিক অংকের অর্থ জমা করে এই হিসাব খোলা যায়।
৩. এ হিসাব হতে কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেন্যান্স ফি (Account Maintenance Fee) আদায় করা হয় না।
৪. এ হিসাবে মুনাফা প্রদানের জন্য ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই। দৈনিক স্থিতির ভিত্তিতে এ হিসাবে মুনাফা প্রদান করা হয়।
৫. সংশ্লিষ্ট হিসাবে বছরে দুইবার (জুন এবং ডিসেম্বর মাসে) সাময়িক (Provisional) হারে মুনাফা প্রদান করা হয়, যা বার্ষিক চূড়ান্ত লাভ/ লোকসান হিসাবের ভিত্তিতে সমন্বয়/ নিষ্পন্ন করা হয়। উক্ত হিসাব হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট, কর বা শুল্ক কর্তন করা হয়।